# উপজেলা পরিষদ
## কোম্পানীগঞ্জ, সিলেট।

৭

উপজেলা পরিষদের ২৮তম সাধারণ সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি: | জনাব শামীম আহমদ (শামীম)<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কোম্পানীগঞ্জ, সিলেট। |
| সভার স্থান: | উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| সভার তারিখ ও সময়: | ১২/০৮/২০২১ খ্রিস্টাব্দ, বেলা- ১২.০০ ঘটিকা। |
| সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য: | পরিশিষ্ট 'ক' ও 'খ'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়। ১৫ আগস্ট জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে পালন করা হবে। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত ১৯/০৭/২০২১ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
অতঃপর বিভাগওয়ারি বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিভাবে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, ২০২১-২২ অর্থ বছরের ১ম কিস্তি এডিপি বাবদ ২৮,১৫,০০০/-(আটাশ লক্ষ পনের হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। ১ম কিস্তির সমপরিমান বরাদ্দ চার কিস্তিতে ধরে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। | উপজেলা প্রকৌশলী আলোচ্য বিষয়ে বিধিমতে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, বর্তমান খরিপ-২ মৌসুমে রোপা আমনের ধান ৯৮৩৫ হেক্টর জমিতে ইতোমধ্যেই রোপন করা হয়েছে। তার মধ্যে উফশী জাতের ৬১৬৫ হেক্টর এবং স্থানীয় জাতের ৩৬৭০ হেক্টর জমিতে রোপন করা হয়েছে। ২০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে নাবী রোপা আমন জাতের ৫কেজি বীজ বিতরণ করা হয়েছে। বিভিন্ন প্রকল্পের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মাঠের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা কৃষি অফিসার মাঠ পর্যায়ে কৃষকদের বিভিন্ন বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন। | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য সভাকে জানান যে, ২০২০-২১ অর্থ বছরে 'হাওর প্রকল্প অধীন বাস্তবায়নকৃত ইমপ্রুভমেন্ট লেট্রিন নির্মাণ' এর মোট বরাদ্দ অত্র উপজেলায় ১২টি। বরাদ্দের অনুকুলে সাইট ইউনিয়ন ওয়াটসন কমিটি কর্তৃক অনুমোদন করে উপজেলায় প্রেরণ করেছেন। | ২০২০-২১ অর্থ বছরে 'হাওর প্রকল্প অধীন বাস্তবায়নকৃত ইমপ্রুভমেন্ট লেট্রিন নির্মাণ' এর সাইট সমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক প্রতিটি সাইট সম্পর্কে একটি প্রতিবেদন দাখিল করিবেন। | উপ-সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভাকে জানান যে, দেশব্যাপী লক ডাউন পরিস্থিতিতে স্থগিত 'জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১' আগামী ২৮/০৮/২০২১ হতে ০৩/০৯/২০২১ তারিখে পালন করা হবে। উক্ত সময়ে অনুষ্ঠিতব্য বিভিন্ন কার্যক্রমে উপজেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট সকল দপ্তরের সহযোগীতা একান্তভাবে কাম্য। তিনি সভাকে আরো বলেন যে, মৎস্য অধিদপ্তরের রাজস্ব বাজেটের আওতায় কোম্পানীগঞ্জ উপজেলার উন্মুক্ত জলাশয়/প্লাবনভূমি/হাওর/প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তকরণের জন্য বরাদ্দ প্রদান করা হয়েছে। শীঘ্রই সংশ্লিষ্ট কমিটির সভার মাধ্যমে পোনা অবমুক্তকরণের কার্যক্রম শুরু করা হবে। | উপজেলা মৎস্য অফিসার 'জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১' স্বাস্থ্য বিধি মেনে পালন করবেন। অত্র উপজেলায় নার্সারি পুকুর ও বিল সমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক সঠিক তদারকি করবেন। | উপজেলা মৎস্য অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, আইজিও প্রকল্পের সেলাই ও ব্লক বাটিকের প্রশিক্ষণ কার্যক্রম আগামী ১৩/০৮/২০২১ তারিখ শুরু হবে। ১০ম ব্যাচের প্রশিক্ষণার্থীদের ভাতা বিতরণ শুরু হয়েছে। কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম আগামী ১৩/০৮/২০২১ তারিখ থেকে শুরু হবে। ক্লাবগুলোতে বাল্য বিবাহের কুফল সম্পর্কে নিয়মিত সমাবেশের আয়োজন করা হবে। মাতৃত্বকালীন প্রশিক্ষণ কার্যক্রম তেলিখাল ইউনিয়নে গ্রহণ করা হয়েছে। বাকি ইউনিয়নগুলোতে পর্যায়ক্রমে নেয়া হবে। নারী নির্যাতন সংক্রান্ত মামলাগুলোর তদন্ত চলমান রয়েছে। | নারী নির্যাতন সংক্রান্ত কোন অভিযোগ আসলে তা গুরুত্বের সাথে সুষ্ঠু তদন্ত করে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং কিশোর কিশোরী ক্লাব ইতিবাচক ভূমিকা পালন করবে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ কোম্পানীগঞ্জ সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভাকে জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরে অত্র উপজেলায় ১৮-৩৫ বৎসরের বেকার যুবদের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষমাত্রা ৪২০ জন। প্রতিটি ইউনিয়ন পরিষদের অন্তত ০২টি ব্যাচে ৬০ জন যুবদের প্রশিক্ষণের জন্য নির্বাচনপূর্বক নামের তালিকা অথবা প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক বেকার যুবদেরকে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে। চলতি অর্থ বছরে অত্র উপজেলার যুব উন্নয়নের প্রশিক্ষিত প্রকল্প গ্রহণকারী যুবদের ৩০ জনকে যুব ঋণ প্রদানের লক্ষমাত্রা নির্ধারিত আছে। ১৫ আগস্ট ২০২১ জাতীয় শোক দিবসে ০২(দুই) জনকে ঋণ প্রদান করার পরিকল্পনা আছে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার যুবদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে কর্মমুখী করার প্রয়োজনীয় সহায়তা করবেন এবং ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে ঋণ বিতরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, শোকের মাসে হাজার বছরের শ্রেষ্ট বাঙ্গালি, জাতীর জনক শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারের সকল শহীদদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন। আগস্ট/২০২১ মাসে গবাদি প্রাণির টিকা প্রদান-১৮৪০ মাত্রা, হাঁস মুরগীর টিকা প্রদান-১১০০০ মাত্রা, গবাদি প্রাণির চিকিৎসা-১১৩৫টি, হাঁস মুরগীর চিকিৎসা-৭৩০০টি, ডিম উৎপাদন-৯৫০০টি, রাজস্ব আয়-৪৩৯০/-। একদিনের হাঁস/মুরগীর বাচ্চা বিতরন ৫০০টি , ঘাস উৎপাদন তিশ শতক । আত্নকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র দূরীকরণ প্রকল্পের ছাগল, ভেড়া, হাঁস-মুরগীর ক্ষুদ্র ঋণ আদায়-ক্রমপুঞ্জি আদায় ৩,৯৯,৪৫০/-(তিন লক্ষ নিরান্নব্বই হাজার চারশত পঞ্চাশ) টাকা। তিনি সভাকে আরও জানান যে, গত কুরবানীর ঈদের সময়ে অত্যান্ত সুন্দরভাবে হাট-বাজারে মেডিকেল টিম নিয়ে ঘুরা হয়েছে। অত্র উপজেলায় কোরবানীর ঈদে অত্যান্ত সুন্দরভাবে পশু জবাই করা হয়েছে। | আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু তদারকিসহ গবাদি পশুর রোগ বালাই দমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলা সমবায় বিভাগের আওতাধীন ১৪৭টি প্রাথমিক ও ২টি কেন্দ্রীয় সমবায় সমিতি সমূহের ২০২০-২১ খ্রি: সনের অডিট বরাদ্দ পাওয়া গিয়াছে। জুলাই/২০২১ খ্রি: মাস হতে অডিট বর্ষ শুরু হয়েছে। ২০১৯-২০ খ্রি: সনের ধার্যকৃত নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল ইতিমধ্যে ৯৫% আদায় করত: সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে। অত্র উপজেলায় সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী প্রকল্পের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় অফিসার তাঁর বিভাগের সকল কার্যক্রম বিধিমতে পরিচালনা করবেন। | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে, ভাতা কার্যক্রম ইতিমধ্যে ডিজিটালাইজেশন এর মাধ্যমে সম্পন্ন হয়েছে। ২০২০-২১ সনের ভাতার ২য় ও ৩য় কিস্তি ও ৪র্থ কিস্তির টাকা মোবাইল ব্যাংকিং নগদ এর মাধ্যমে বিতরণ সম্পন্ন হয়েছে। টেকনিক্যাল সমস্যার জন্য যে সকল ভাতাভোগী ভাতা পাচ্ছেন না তাদের কাজ প্রতিনিয়ত চলমান আছে। মুক্তিযোদ্ধা মন্ত্রনালয়ের নির্দেশনা অনুযায়ী এখন থেকে বীর মুক্তিযুদ্ধা ভাতা কার্যক্রম এর সদস্য সচিবের কাজ করবে ব্রাঞ্চ ম্যানেজার, সোনালী ব্যাংক লি: । | তাঁর বিভাগের সকল কার্যক্রম বিধিমতে সকল ভাতা বিতরন কার্যক্রম বাস্তবায়ন করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভাকে জানান যে, জাতীয় পরিচয়পত্র সংশোধনের ৪৭টি আবেদন লকডাউন চলাকালীন সময়ে অনলাইনে সংশোধন কার্যক্রম সম্পন্ন হয়েছে। স্থানান্তর আবেদনসমূহ সম্পন্ন করা হয়েছে। নতুন ভোটারদের ৬৮টি আবেদন পাওয়া গেছে যা যাচাই বাছাই চলছে। আগামী সপ্তাহে ভোটারদের ছবি তোলাসহ রেজিস্ট্রেশন করা হবে। ইউনিয়ন পরিষদ নির্বাচনের ভোট কেন্দ্রসমূহ পরিদর্শণ চলছে। | উপজেলা নির্বাচন অফিসার ভোটকেন্দ্রসমূহ সরেজমিন পরিদর্শনসহ রীতিমত মনিটরিং করবেন। | উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান যে, করোনাকালীন সময়ে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের google meet এর মাধ্যমে পাঠদান কার্যক্রম চলমান আছে। ইউপি চেয়ারম্যানদের স্ব-স্ব ইউনিয়নে অবস্থিত সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শহীদ মিনার স্থাপনের জন্য প্রকল্প দাখিল করার অনুরোধ করেন। এতে কোমলমতি শিক্ষার্থীরা ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধ সম্পর্কে সম্যক জ্ঞান অর্জন করবে এবং দেশ ও শহীদের প্রতি শ্রদ্ধাবোধ সৃষ্টি হবে। | ইউনিয়ন পরিষদদের চেয়ারম্যানগণ স্ব-স্ব ইউনিয়নে অবস্থিত সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোতে পর্যায়ক্রমে শহীদ মিনারের জন্য শিক্ষা খাতে প্রকল্প দাখিল করবেন। | উপজেলা শিক্ষা অফিসার, ইউপি চেয়ারম্যান (সকল) কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | বন বিভাগ | কোম্পানীগঞ্জ উপজেলায় বিক্রয় ও বিতরণের জন্য বনজ ও ফলের ৫০০০টি চারা উত্তোলন করা হয়েছে। জুলাই/২০২১ থেকে কার্যক্রম চলমান আছে। | উপজেলা বন কর্মকর্তা তাঁর বিভাগের কার্যক্রম বিধিমতে পরিচালনা করবেন। | উপজেলা বন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, ২০২০-২১ অর্থ বছরের দুযোর্গ ব্যবস্থাপনা বিভাগ কোম্পানীগঞ্জ এর সকল উন্নয়নমূলক কাজ যেমন- টিআর, কাবিখা, ইজিপিপি ইত্যাদি প্রকল্পের কাজ শতভাগ সমাপ্ত হয়েছে। বন্যা আশ্রয়কেন্দ্রের কাজ প্রায় ৮০% সমাপ্ত হয়েছে। মুজিব কিল্লা প্রকল্পের কাজ চলমান রয়েছে। এ অর্থ বছরে ৩৩৩ এ আবেদনের প্রেক্ষিতে ১৭,০০,০০০( সতের লক্ষ) টাকার বরাদ্দ পাওয়া যায় এবং ৩৩৩ কলের প্রেক্ষিতে খাদ্য সহায়তা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা তাঁর বিভাগের সকল কার্যক্রম বিধিমতে পরিচালনা করবেন এব বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন করবনে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী। এ উপজেলায় যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে পালন করা হবে।<br>২। মুজিববর্ষে ভূমিহীন-গৃহহীনদের জন্য প্রধানমন্ত্রীর উপহারের ঘর সারাদেশের ন্যায় কোম্পানীগঞ্জ উপজেলায় ২৫০টি ঘর নির্মাণ করে সুফলভোগীদের কাছে হস্তান্তর করা হয়েছে। বর্ণিত ২৫০ টি পরিবারের মহিলাদের প্রশিক্ষণ দিলে তাদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা হবে। উপজেলা যুব উন্নয়ন অফিস, উপজেলা প্রাণি সম্পদ অফিস ও উপজেলা সমবায় অফিসের মাধ্যমে তাঁদেঁরকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দিতে হবে। | কোম্পানীগঞ্জ উপজেলায় যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে পালন করা হবে।<br>২। মুজিববর্ষে ভূমিহীন-গৃহহীনদের মাঝে মাননীয় প্রধানমন্ত্রীর উপহারের ২৫০টি ঘরের পরিবারে মহিলাদের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন এবং পুরুষদের উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ও উপজেলা সমবায় অফিসার বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার/ অফিসার (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | বিবিধ-২ | ডেপুটি জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলায় বিদ্যুৎ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। আগামী সেপ্টেম্বর/২০২১ থেকে রাইচ অফ ওয়ে কাজ করা হবে। গাছপালা কেটে লাইন পরিষ্কার করার সময় যাতে কোন প্রকার অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি না হয় তার জন্য উপজেলা চেয়ারম্যন, ভাইস চেয়ারম্যানদ্বয় ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহায়তা কামনা করেন। ১৫ আগস্ট উপলক্ষে পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক দুস্থদের মাঝে ২৫০ প্যাকেট শুকনা খাবার বিতরণ কার্যক্রম চলমান আছে। | উপজেলায় পল্লী বিদ্যুতের লাইন মেরামতের আগে গ্রাহকদের অবগত করবেন এবং উপজেলায় পল্লী বিদ্যুতের মান আরো উন্নত করতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ , কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ-৩ | উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য ১৫,০০,০০০/-(পনের লক্ষ) টাকার প্রাক্কলন অনুমোদন পাওয়ার পর দরপত্রসহ যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন করে ঠিকাদার নির্বাচনপূর্বক নির্মাণ কাজ শুরু করা হয়। উল্লেখ্য যে, অত্র উপজেলাটি মেঘালয় পাহাড়ের পাদদেশে অবস্থিত হওয়ায় প্রতি বছর বন্যার পানিতে তলিয়ে যায়। আবাসন ভবনটি ব্যবহার উপযোগী করার জন্য বাস্তবতার আলোকে কিছু কিছু আইটেমের কাজ বৃদ্ধি পাওয়ার কারণে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। সংশোধিত প্রাক্কলনে ৪,০০,০০০/-(চার লক্ষ) টাকা বৃদ্ধি পেয়েছে।<br><br>২। তিনি সভাকে আরও জানান যে, ক) উপজেলা কমপ্লেক্সের ০৮টি ভবনের পানির মটরের জন্য ইলেক্টনিক লাইন স্থাপন বাবদ ২১,২২৭/-(একুশ হাজার দুইশত সাতাশ) টাকা। খ) উপজেলা কমপ্লেক্সের করতোয়া ভবনের স্যানিটারী লাইন মেরামত বাবদ ১০,৬৬৫/-(দশ হাজার ছয়শত পয়ষট্টি) টাকা। গ) উপজেলা কমপ্লেক্সের ভবন দোলনচাপা-০৩ এর পানির লাইন ও ইলেক্টিক লাইন মেরামত বাবদ ১৪৫৬৫/- (চৌদ্দ হাজার পাচঁশত পয়ষট্টি) টাকা ব্যয় হয়েছে। | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণে সংশোধিত প্রাক্কলন প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২।ক) উপজেলা কমপ্লেক্সের ০৮টি ভবনের পানির মটরের জন্য ইলেক্টনিক লাইন স্থাপন বাবদ ২১,২২৭/-(একুশ হাজার দুইশত সাতাশ) টাকা। খ) উপজেলা কমপ্লেক্সের করতোয়া ভবনের স্যানিটারী লাইন মেরামত বাবদ ১০,৬৬৫/-(দশ হাজার ছয়শত পয়ষট্টি) টাকা। গ) উপজেলা কমপ্লেক্সের ভবন দোলনচাপা-০৩ এর পানির লাইন ও ইলেক্টিক লাইন মেরামত বাবদ ১৪৫৬৫/- (চৌদ্দ হাজার পাচঁশত পয়ষট্টি) টাকা উপজেলা রক্ষণাবেক্ষণ খাত হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শামীম আহমদ (শামীম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

তারিখঃ ১২ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ।

স্মারক নং-০৫.৬০.৯১২৭.০০৫.৩৫.০০২-১১-৭৫৪(৪৫)

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে।

১। জনাব ইমরান আহমদ এমপি, সিলেট-৪ ও মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৭। জেলা.....................................অফিসার, সিলেট।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৯। চেয়ারম্যান.............................ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
১০।..........................................কোম্পানীগঞ্জ, সিলেট।

২১/০৮/২০২২
সুমন আচার্য
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট।

উপস্থিত সদস্য: উপস্থিতির ক্রমানুসারে। পরিশিষ্ট 'ক'

| নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মো: কুটি মিয়া | চেয়ারম্যান, ইছাকলস ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | জনাব মো: বাবুল মিয়া | চেয়ারম্যান, ইসলামপুর পূর্ব ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | জনাব মো: সিদ্দিকুর রহমান | চেয়ারম্যান, দক্ষিণ রণিখাই ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | জনাব ফরিদ উদ্দিন | চেয়ারম্যান, উত্তর রণিখাই ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | জনাব মোঃ জহিরুল হক | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | জনাব মো: জসিম উদ্দিন | বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | জনাব জনি রঞ্জন দে | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | জনাব শিবলী আতিকা তিন্নী | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | জনাব মো: মিজানুর রহমান | আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভা: প্রা:), কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | জনাব মো: পারভেজ খান | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কোম্পানীগঞ্জ,সিলেট। |
| ১১ | জনাব জিবান্নাহার বেগম | উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | জনাব মো: লাল মিয়া | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | জনাব মো: আজিজুল হক | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | জনাব মো: সিরাজুল ইসলাম | ডেপুটি জেনারেল ম্যানাজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ |
| ১৫ | জনাব মোঃ বদিউজ্জামান আহমদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | জনাব মোঃ আব্দুল মান্নান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | জনাব বিদ্যুৎ কান্তি দাস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | জনাব মো: ওয়াজেদ আলী | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৯ | ডা: মো: শরীফুল আলম | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২০ | খান মো: সাইফুল হক | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২১ | জনাব মো: শাহ আলম | উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২২ | মোহাম্মদ আব্দুল্লাহ আল ইমরান | উপজেলা মৎস্য অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৩ | জনাব সজল কান্তি তালুকদার | উপজেলা সমন্বয়কারী, আবাআখা, কোম্পানীগঞ্জ, সিলেট। |

পরিশিষ্ট 'খ' অনুপস্থিতঃ

১।চেয়ারম্যান, তেলিখাল ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
২।চেয়ারম্যান, ইসলামপুর পশ্চিম ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
৩।উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
৪।উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
৫।উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট।
৬।উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), কোম্পানীগঞ্জ, সিলেট।
৭।মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৮।উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (অ:দা), কোম্পানীগঞ্জ, সিলেট।

উপজেলা পরিষদের ২৮ তম সভা

তারিখ :- ১২/০৮/২০২১

32

সময় :- ১২:০০ ঘটিকা

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মো: [illegible] | চেয়ারম্যান [illegible] | |
| ০২ | মো: আবুল [illegible] মিয়া | [illegible] | |
| ০৩ | মো: [illegible] রহমান | [illegible] | |
| ০৪ | [illegible] | [illegible] | |
| ০৫ | মো: [illegible] হক | উপজেলা [illegible] অফিসার | |
| ০৬ | মো: [illegible] | উপজেলা [illegible] | |
| ০৭ | [illegible] রঞ্জন দে | USSO | |
| ০৮ | [illegible] | UWAO | |
| ০৯ | মো: [illegible] রহমান | UAVDO | |
| ১০ | মো: [illegible] খান | DPHE | |
| ১১ | [illegible] | UEO | |
| ১২ | মো: লাল মিয়া | [illegible] চেয়ারম্যান | |
| ১৩ | মো: [illegible] | UCO | |
| ১৪ | মো: [illegible] ইসলাম | Dem. | |
| ১৫ | মো: [illegible] | [illegible] VSE | |
| ১৬ | মো: আবদুল মান্নান | উপজেলা [illegible] | |
| ১৭ | [illegible] | UPIO | |
| ১৮ | মো: [illegible] | SUDBO (P.D.B.F) | |
| ১৯ | ডা: মো: [illegible] আলম | উপজেলা [illegible] | |
| ২০ | মো: [illegible] | উপজেলা [illegible] | |
| ২১ | মো: [illegible] | UE | |
| ২২ | মো: আব্দুল্লাহ আল [illegible] | ~~UFO~~ UFO | |
| ২৩ | [illegible] | [illegible] | |
| ২৪ | ~~[illegible]~~ | ~~[illegible]~~ | |
| ২৫ | | | |
| ২৬ | | | |
| ২৭ | | | |
| ২৮ | | | |
| ২৯ | | | |
| ৩০ | | | |